# ALL INDIA RADIO

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**25 NOVEMBER 2024** **7:35 AM IST**

==========================================================================

সংসদের শীতকালীন অধিবেশন আজ থেকে শুরু হচ্ছে এবং আগামী কুড়ি ডিসেম্বর অধিবেশনের সমাপ্তি হবে ।

এদিকে সরকারের উদ্যোগে সংসদের শীতকালীন অধিবেশনের পূর্বে গতকাল একটি সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে । প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এই বৈঠকে পৌরহিত্য করেন । বৈঠকে সরকার শীতকালীন অধিবেশনের সময়ে লোকসভা ও রাজ্যসভার কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সব রাজনৈতিক দলের সহযোগীতা কামনা করেছে ।

---

দেশের রাজনীতির সঙ্গে যুক্ত না থাকা পরিবারের যুবক যুবতীদের রাজনীতিতে অংশগ্রহন করতে হবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানে অংশ নিয়ে এই আহ্বান জানান । আগামী কয়েক মাসে এধরণের একলক্ষ যুবক যুবতিকে রাজনীতির সঙ্গে সংযুক্ত করার জন্য বিশেষ অভিযান চালানো হবে বলেও প্রধানমন্ত্রী জানান । আগামী বছর স্বামী বিবেকানন্দের ১৬২

তম জন্ম দিবসে দিল্লীতে বিকশিত ভারত শীর্ষক যুব নেতাদের আলোচনা সভা অনুষ্ঠিত করার বিষয়েও প্রধানমন্ত্রী ঘোষণা করেন ।
প্রধানমন্ত্রী বলেন যে ‘মায়ের নামে একটি গাছ ’অভিযানের অধীনে ৫ মাসের মধ্যে ১০০ কোটি গাছের চারা রূপন করার মাইল ফলক অতিক্রম করা হয়েছে । দেশের বিভিন্ন প্রান্তের জনসাধারণ এই অভিযানে অংশগ্রহণ করায় প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন ।

---

পরিস্কার পরিচ্ছন্নতা সম্পর্কে প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে সরকারী কার্যালয়ে কয়েক দশক পুরনো ফাইল এবং অব্যবহৃত পুরনো সামগ্রী দূর করার জন্য বিশেষ পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান শুরু করা হয়েছে এবং  সরকারী বিভাগ গুলোতে এই প্রকল্প ফলপ্রসু হয়েছে । এ প্রসঙ্গে তিনি অরুণাচল প্রদেশের ঈতিশার উদাহরণ দিয়ে বলেন যে অরুণাচল প্রদেশের সংতি উপত্যাকার ঈতিশা নামের যুবতী কর্পরেট জগতের জাকজমক ত্যাগ করে এই উপত্যাকার পরিস্কার পরিচ্ছন্নতার কাজে নিজেকে উৎসর্গ করেছেন ।
জাতীয় শিক্ষার্থী বাহিনী এন সি সি দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী এই বাহিনীর সদস্য থাকার সময়ের কথা স্মরণ করেন । প্রধানমন্ত্রী বলেন যে এন সি সি , যুব প্রজন্মের মধ্যে নিয়মানুবর্তিতা , নেতৃত্ব এবং সেবার মনোভাব জাগিয়ে তোলে । সম্প্রতি ২০ লক্ষেরও বেশী যুবক যুবতী এন সি সি’র সঙ্গে জড়িত হয়েছে বলে প্রধানমন্ত্রী জানান ।
প্রধানমন্ত্রী মন কী বাতের অনুষ্ঠানে সমাজের জন্য নিস্বার্থভাবে কাজ করে যাওয়া একাংশ যুবক যুবতীর কথাও উল্লেখ করেন ।

রাজ্যে আগামী বছরের ১৩ ই ফেব্রুয়ারীর পূর্বে গ্রাম পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হবে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল দিসপুরে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে আগামী জানুয়ারী মাসে পঞ্চায়েত নির্বাচনের আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করা হবে । দুটি পর্যায়ে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হবে বলেও মুখ্যমন্ত্রী জানান ।
এদিকে আসাম বিধানসভার বাজেট অধিবেশনের এক দিনের কার্যসূচী কোকরাঝারে অনুষ্ঠিত হবে বলে মুখ্যমন্ত্রী জানান । মূখ্যমন্ত্রী বলেন যে রাজ্যপালের ভাষন বা অর্থমন্ত্রীর বাজেট ভাষণ এবার কোকরাঝারে অনুষ্টিত করার বিষয়ে চিন্তাভাবনা করা হচ্ছে ।

---

আসাম রাজ্য বিদ্যালয় পর্ষদ ২০২৫ সালে অনুষ্ঠেয় হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষার প্র-পত্র পূরণের জন্য আজ পুনরায় পোর্টাল চালু করবে । সেই অনুযায়ী প্র - পত্র পূরণের বাকী থাকা সব কাজ আগামীকালের মধ্যে সম্পূর্ন করতে পর্ষদ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে নির্দেশ দিয়েছে । একইভাবে পরীক্ষার মাশুল আদায়ের শেষ তারিখ আগামী ২৭ শে নভেম্বর নির্ধারণ করা হয়েছে । প্র-পত্র পূরণের সময়সীমা আর বৃদ্ধি করা হবে না বলে পর্ষদ জানিয়েছে । এদিকে অফলাইনে কোনো ধরণের প্র-পত্র গ্রহণ করা হবে না বলেও পর্ষদ জানিয়েছে ।

আসাম সরকারের উদ্যোগে আগামী ২৪ ও ২৫শে ফেব্রুয়ারী গুয়াহাটীতে এডভান্টেজ আসামের দ্বিতীয় পর্ব অনুষ্ঠিত হবে । গতকাল দিশপুরে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা জানান যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুদিনব্যাপী বিনিয়োগ সম্মেলনের উদ্বোধন করবেন । বিনিয়োগ ও পরিকাঠামোতে গুরুত্ব আরোপ করে অনুষ্ঠেয় এডভান্টেজ আসামের দ্বিতীয় পর্বে সড়ক পরিবহন , কৃষি , শিল্প, রেল , হাইড্রোকার্বন শিল্প ,অসামরিক বিমান পরিষেবা , সম্পর্কে আলোচনা সভা অনুষ্ঠিত হবে । রাজ্যে বিনিয়োগকারীদের আকর্ষিত করার জন্য আসাম সরকার এই পদক্ষেপ গ্রহণ করেছে বলে মূখ্যমন্ত্রী জানান । মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা আরো বলেন যে এডভান্টেজ আসাম কার্যসূচীর প্রথম দিন মেগা ঝুমুর নৃত্য প্রদর্শন করা হবে । সরুসজাই স্টেডিয়ামে অনুষ্ঠেয় এই ঝুমুর নৃত্যে ৮০০ টি চা বাগানের ৭ হাজার ৫০০ জন নৃত্যশিল্পী অংশগ্রহণ করবেন । বিনিয়োগকারীকে আকর্ষিত করতে রাজ্য সরকারের তিনটি প্রতিনিধি দল পাঁচটি দেশ সফর করবে বলেও মূখ্যমন্ত্রী জানিয়েছেন ।

---

চা বাগানের জনগনের স্বাস্থ্য সেবা উন্নত করার জন্য মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মার চালু করা এম্বুলেন্স পরিষেবা রাতাবাড়ীর বিধায়ক বিজয় মালাকার গতকাল উদ্বোধন করেন । এউপলক্ষ্যে বিধায়ক শ্রী মালাকার গতকাল দূর্লভছড়া , মাগুড়াছড়া , চিংলাছড়া , গম্ভীরা , চরগোলা ও খেকড়াগুল চা বাগান কর্তৃপক্ষের হাতে এম্বুল্যান্স তোলে দিয়েছেন ।

ছাত্র সংগঠন এ আই ডি এস ও-র দশম সর্ব ভারতীয় ছাত্র সম্মেলন আগামী ২৭ থেকে ২৯শে নভেম্বর পর্য্যন্ত নতুন দিল্লীর তালকোটরা স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে । সম্মেলনে যোগ দিতে বরাক উপত্যকা থেকে ৩৮ জন প্রতিনিধি ইতিমধ্যে নতুন দিল্লীর উদ্দেশ্যে যাত্রা করেছেন । সংগঠনের রাজ্য সভাপতি প্রজ্বোল দেব আকাশবাণীকে জানান যে এবারের সর্ব ভারতীয় ছাত্র সম্মেলনে জাতীয় শিক্ষা নীতি ২০২০ নিয়ে আলোচনা করা হবে ।